

রাজশাহী বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ১/২০২০

তারিখ: ১২.১০.২০২০

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের **Tourism & Hospitality Management** বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : (ক) প্রভাষক	= ০২ (দুই) টি স্থায়ী প্রভাষক পদ।
(খ) স্থায়ী সহযোগী অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে	= ০১ (এক) টি অস্থায়ী প্রভাষক পদ।
(গ) স্থায়ী সহকারী অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে	= ০১ (এক) টি অস্থায়ী প্রভাষক পদ।

বেতনক্রম : প্রভাষক পদে টা: ২২,০০০-৫৩,০৬০/-

প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী।

উপর্যুক্ত প্রতিটি পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ পাওয়া যাবে। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৯ সেট দরখাস্ত ০৩.১১.২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ/-

(প্রফেসর এম.এ. বারী)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়

শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

- ১। ক) সনাতন পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম বিভাগ এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে।
খ) গ্রেডিং পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৫.০০ স্কেলে যে-কোন একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ এবং অন্যটিতে জিপিএ/সিজিপিএ ৪.৫০ থাকতে হবে। তবে শুধুমাত্র ২০০১,২০০২ ও ২০০৩ সালের এস.এস.সি./ সমমান এবং ২০০৩ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৫.০০ স্কেলে যে কোন একটিতে ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৫০ এবং অন্যটিতে ৩.২৫ থাকতে হবে।
 - ২। আবেদনকারীর Tourism & Hospitality Management - এ স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
ক) সনাতন পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।
খ) গ্রেডিং পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলে যে কোন একটিতে ন্যূনতম ৩.২৫ এবং অন্যটিতে জিপিএ/ সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- বিঃদ্রঃ-** স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলের অধিক হলে অতিরিক্ত প্রতি স্কেলের জন্য ৪.০০ স্কেলে প্রাপ্ত জিপিএ/সিজিপিএ এর সাথে ০.৫০ যোগ করে যোগ্যতা নির্ধারিত হবে।

* স্বীকৃত বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে Tourism & Hospitality Management- এ স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

- ৩। ১নং ও ২নং ধারায় উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের এমফিল বা পিএইচডি ডিগ্রী থাকলে তারা অগ্রাধিকার পেতে পারেন। তবে ১ ও ২ নং ধারায় বর্ণিত শর্তসমূহ কোনক্রমেই শিথিলযোগ্য হবে না। অনলাইনে বা দূরশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত এম.ফিল বা পিএইচ.ডি বা অন্য কোন ডিগ্রী গ্রহণযোগ্য হবে না।

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়